# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 10-10-2025** **Time: 7.35 A.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী SIR-এ কোন বৈধ ভোটারের নাম বাদ যাবে না বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে।

২) রাজ্যে সঠিকভাবে SIR হলে ১ কোটিরও বেশি ভুয়ো ভোটারের নাম বাদ যাবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

৩) কেন্দ্রীয় সরকার পঞ্চায়েত এলাকার উন্নয়নে রাজ্যকে ৬৮০ কোটি এবং গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে ১৫১ কোটি টাকার বেশি বরাদ্দ করেছে।

৪) রাজ্যের স্কুলগুলিতে গ্রুপ সি এবং গ্রুপ-ডি পদে শিক্ষাকর্মী নিয়োগের বিজ্ঞপ্তি জারি করেছে স্কুল সার্ভিস কমিশন।

৫) ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের দক্ষিণের জেলাগুলিতে আগামী ২ দিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ।

ooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী SIR-এ কোনও বৈধ ভোটারের নাম বাদ যাবে না বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে। পূর্ব মেদিনীপুরের কোলাঘাটে গতকাল ভোটার তালিকা সংশোধন নিয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠকের পর রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এই আশ্বাস দিয়েছেন।

(বাইট)

দু'দিনের সফরে রাজ্যের SIR প্রস্তুতি খতিয়ে দেখতে এসেছিলেন সিনিয়র উপ-নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী-সহ কমিশনের চার সদস্যের প্রতিনিধিদল। দুদিনের সফর সেরে দলটি দিল্লী ফিরে গেলেও SIR প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে কবে শুরু হবে তা স্পষ্ট করেনি কমিশন।

**একটি প্রতিবেদন-**

**(ভয়েসকাস্ট - অভিরুপ)**

ooooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর নামে রাজ্যে এনআরসি প্রয়োগের চক্রান্ত চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। রাজ্যকে কিছু না জানিয়ে অসম সরকার নদীয়ার ধুবুলিয়ার দুইজন নাগরিককে এন আর সি র নোটিশ পাঠিয়েছে বলে অভিযোগ করে গতকাল নবান্নে তিনি বলেন নির্বাচন কমিশনকে বসিয়ে রেখে ক্ষেত্র সমীক্ষার নামে নাগরিকদের অধিকার কেড়ে নেওয়ার চেষ্টা হচ্ছে।

নির্বাচন কমিশন সম্পর্কে মুখ্যমন্ত্রীর মন্তব্যের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে কড়া পদক্ষেপের দাবি জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সমাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী অধিকারী লিখেছেন, মমতা ব্যানার্জী, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে হুমকির কথা বলেছেন। তাঁর নিরাপত্তায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনেরও দাবি তুলেছেন শুভেন্দুবাবু।

oooooooooooooooooooooooooo

রাজ্যে সঠিকভাবে SIR হলে ১ কোটিরও বেশি ভুয়ো ভোটারের নাম বাদ যাবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। বাংলার বিস্তীর্ণ এলাকায় বহু বাংলাদেশী অবৈধভাবে প্রবেশ করে বসবাস করছে বলে গতকাল সাংবাদিকদের কাছে তিনি দাবি করেন।

**বাইট**

সমীক্ষার কাজ শুরু হলে বিজেপি সর্বোতভাবে কমিশনকে সাহায্য করবে বলেও জানিয়েছেন তিনি।

এদিকে নির্বাচনে কারচুপি যাতে না হয় সেই দাবিতে গতকাল কংগ্রেস হাওড়ার উলুবেড়িয়ায় এস ডি ও অফিসের সামনে গণ স্বাক্ষর কর্মসূচী পালন করে। উপস্থিত ছিলেন সর্বভারতীয় কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক গোলাম আহমেদ মীর, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার প্রমুখ।

ooooooooooooooooooooooooo

বিজেপি উত্তরবঙ্গের নাগরাকাটায় দলের সাংসদ ও বিধায়কের ওপর আক্রমণের ঘটনায় রাজ্যপালের কাছে কড়া পদক্ষেপের দাবি জানিয়েছে। কলকাতায় সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, রাজ্যে যে কোনো সাম্প্রদায়িক অশান্তি এবং প্রাকৃতিক বিপর্যয়ে রাজ্যপাল ঘটনাস্থলে গিয়ে মানুষের পাশে দাঁড়িয়েছেন। এক্ষেত্রেও রাজ্যের মানুষ দলমত নির্বিশেষে নাগরাকাটার ঘটনায় কড়া পদক্ষেপ চাইছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উত্তরবঙ্গ পরিদর্শনকেও কটাক্ষ করে বিরোধী দলনেতা বলেন, শুধুমাত্র ছবি তোলা এবং বিপর্যয়ের দিনে কার্নিভালে উপস্থিত থাকার বিষয়টি আড়াল করতেই মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে গেছেন।

তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে আদিবাসী বিদ্বেষ এর অভিযোগ তুলে রাজ্যের বিভিন্ন জেলায় ১৩ থেকে ১৬-ই অক্টোবর বিক্ষোভ দেখাবে বিজেপি। আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা একথা জানিয়েছেন।

oooooooooooooooooooooooo

এদিকে, বিজেপি নেতাদের ওপরে হামলার ঘটনায় কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। এক্ষেত্রে NIA ও সিবিআই তদন্তের আর্জি জানানো হয়েছে দুটি পৃথক মামলায়। বিচারপতি কৌশিক চন্দ মামলা গ্রহণ করেছেন। সে গুলির শুনানি হবে আগামী ১৪ই অক্টোবর কলকাতা হাইকোর্টের পুজা অবকাশকালীন বেঞ্চে।

বিজেপি সাংসদ খগেন মুর্মু ও বিধায়ক শঙ্কর ঘোষের ওপর হামলার ঘটনায় পুলিশ আজ আরো একজনকে গ্রেফতার করেছে। এতোয়া ওঁরাও নামে ঐ ব্যক্তিকে আজ আদালতে তোলা হবে। এর আগে ধৃত চারজনকে গতকাল আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে। দুই নেতার উপর হামলার ঘটনায় মোট গ্রেফতারের সংখ্যা বেড়ে হলো পাঁচ।

ooooooooooooooooooooooooo

প্রচুর বৃষ্টিতে সৃষ্ট বন্যা ও ভূমিধসের পর উত্তরবঙ্গ ফের ধীরে ধীরে ছন্দে ফিরছে। ত্রাণ, উদ্ধার ও পুনর্বাসনের কাজ চলছে যুদ্ধকালীন তৎপরতায়। জেলা প্রশাসন, দমকল, পুলিশ, স্বাস্থ্য, কৃষি, সেচ, বিদ্যুৎ, বন দফতরের সমন্বয়ে একযোগে কাজ চলছে। নবান্ন সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই দুর্গতদের হাতে পৌঁছে দেওয়া হয়েছে ৩ কোটি টাকারও বেশি অর্থসাহায্য। দুর্গত পরিবারগুলির জন্য এপর্যন্ত পাঠানো হয়েছে, ৩ লক্ষ ত্রিপল, সাড়ে ৪ লক্ষ পোশাকের সেট এবং প্রায় ১৫ হাজার

‘ডিজাস্টার ম্যানেজমেন্ট কিট’। ৩৫টি ত্রাণ শিবিরে আশ্রয় পেয়েছেন প্রায় ১০ হাজার মানুষ। জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, দার্জিলিং, কালিম্পং ও কোচবিহারে ক্ষয়ক্ষতির পরিধি বিশাল হলেও দ্রুততার সঙ্গে শুরু হয়েছে পুনর্গঠন। ক্ষতিগ্রস্ত সড়ক ও সেতুর কাজ জোরকদমে চলছে। ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য ‘বাংলা শস্য বীমা যোজনা’ এবং ‘আমার পাড়া আমার সমাধান’ ক্যাম্পের মাধ্যমে সহায়তা দেওয়া হচ্ছে। চালু হয়েছে ২৯টি অতিরিক্ত সুফল বাংলা আউটলেট। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের মন্ত্রী প্রদীপ মজুমদার জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় কৃষকদের সঙ্গে সাক্ষাৎ করে তাঁদের হাতে উচ্চফলনশীল বীজ, কীটনাশক, ছত্রাকনাশক ও মাইক্রো-নিউট্রিয়েন্টস তুলে দিয়েছেন। বিপর্যয়ে হারানো নথি ও প্রমাণপত্র পুনরায় ইস্যুর জন্য বিশেষ শিবির শুরু হয়েছে। স্কুলপড়ুয়াদের জন্য সরবরাহ করা হচ্ছে বই, খাতা ও শিক্ষাসামগ্রী।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী সোমবার ফের উত্তরবঙ্গে যাচ্ছেন বলে জানা গেছে। দার্জিলিং-এ তিনি পুনর্গঠনের কাজ তদারকি এবং পরিদর্শন করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের পঞ্চায়েত এলাকার উন্নয়নে কেন্দ্রীয় সরকার পঞ্চদশ অর্থ কমিশনের আওতায় রাজ্যকে ৬৮০ কোটি ৭১ লক্ষ টাকা দিয়েছে বলে জানা গিয়েছে। এই অর্থ রাজ্যের তিন হাজার ২২৪টি গ্রাম পঞ্চায়েত, ৩৩৫টি পঞ্চায়েত সমিতি ও ২১টি জেলা পরিষদের আওতায় থাকা গ্রামীন এলাকা উন্নয়নের কাজে ব্যবহার করার কথা বলা হয়েছে।

অন্যদিকে গ্রামীন স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে কেন্দ্রীয় সরকার ১৫১ কোটি টাকার বেশি বরাদ্দ করেছে। স্বাস্থ্য খাতের অনুদান হিসাবে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলিতে থাকা ডায়গনাস্টিক সেন্টারগুলির পরিকাঠামোর উন্নয়নে ব্যবহারের জন্য বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের স্কুলগুলিতে শিক্ষাকর্মী নিয়োগের বিজ্ঞাপ্তি জারি করেছে স্কুল সার্ভিস কমিশন। গ্রুপ সি এবং গ্রুপ ডি পদে আগামী ৩রা নভেম্বর থেকে ৩রা ডিসেম্বর পর্যন্ত আবেদন করতে পারবেন প্রার্থীরা। গ্রুপ সি-তে শূন্যপদের সংখ্যা ২ হাজার ৯৮৯ টি। গ্রুপ ডি -তে এই সংখ্যা ৫ হাজার ৪৮৮। আবেদনের বয়সসীমা ৪০ বছর। ২০১৬ সালের SSC-তে নিয়োগের প্যানেল বাতিলের পর নতুন করে পরীক্ষা নেওয়ার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। কয়েকদিন আগেই শিক্ষক নিয়োগের পরীক্ষা সম্পন্ন হয়েছে। সুপ্রিম কোর্টের নির্দেশে এবার শিক্ষাকর্মী নিয়োগের জন্য চূড়ান্ত বিজ্ঞপ্তি জারি করল কমিশন। জেনারেল, ওবিসি ও অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া শ্রেণির প্রার্থীদের আবেদনের ফি ৪০০ টাকা। তফসিলি জাতি, তফসিলি উপজাতি ও বিশেষভাবে সক্ষম প্রার্থীদের দিতে হবে ১৫০ টাকা। তবে সুপ্রিম কোর্টের নির্দেশে অযোগ্যরা কোনওভাবেই আবেদন করতে পারবেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শহর কলকাতায় সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী গত ৫ই অক্টোবর পর্যন্ত শহরে মোট ৭৯১ জন ডেঙ্গু আক্রান্তের খোঁজ মিলেছে বলে কলকাতা পুরসভা সূত্রে জানা গেছে। গতবছর একই সময়ে এই সংখ্যা ছিল ৫৮৯ জন। গতমাসের তুলনায় চলতি মাসে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা প্রায় আড়াইশো জন বৃদ্ধি পেলেও তা নিয়ে এই মুহূর্তে উদ্বেগের কারণ নেই বলে পুরসভার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডক্টর রনিতা সেনগুপ্ত জানিয়েছেন। বৃষ্টিপাতের পরিমাণ কমলে ডেঙ্গু নিয়ন্ত্রণে আসবে বলেও তিনি আশা প্রকাশ করেছেন। এদিকে, ডেঙ্গুর প্রকোপ রুখতে শহরের সমস্ত পুজো প্যান্ডেল এর বাঁশ-এর কাঠামো দ্রুত সরিয়ে ফেলার নির্দেশ দিয়েছেন মেয়র ফিরহাদ হাকিম। এছাড়া, পুরকর্মীদের মাধ্যমে পুজো মণ্ডপের আশেপাশে মশা নিরোধক স্প্রে ছড়ানোর ব্যবস্থা করা হবে বলে মেয়র জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিবাহ বিচ্ছেদের পর বা মামলা চলাকালীন সন্তানের দেখভাল বাবা-মা কিভাবে করবেন, সে বিষয়ে কলকাতা হাইকোর্ট একটি গাইড লাইন প্রকাশ করেছে। বিচারপতি সৌমেন সেন, বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং বিচারপতি শুভ্রা ঘোষের কমিটির তৈরির ওই গাইড লাইনে বলা হয়েছে, বাচ্চার ভবিষ্যতের কথা মাথায় রেখে তার সঙ্গে বাবা-মায়ের নিয়মিত সাক্ষাতের ওপর জোর দেওয়া হয়েছে। ছুটির দিনে যাতে সে বাবা-মায়ের সঙ্গে সময় কাটাতে পারে তারও ব্যবস্থা করার পরামর্শ দিয়েছে কমিটি। ভরণপোষণের খরচ দেওয়ার ক্ষেত্রে কোন রকম দেরি করা চলবে না বলে কলকাতা হাইকোর্টের গাইডলাইনে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, গাইড লাইন প্রকাশের দাবিতে কলকাতা হাইকোর্টে দায়ের একাধিক জনস্বার্থ মামলার পরিপ্রেক্ষিতেই এই নির্দেশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার ওপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। এরফলে রাজ্যের দক্ষিণের জেলা কলকাতা, দুই ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রামে আগামী দু দিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ১২ তারিখের পর থেকে দক্ষিণের জেলাগুলিতে বৃষ্টি ধীরে ধীরে কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ড সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। উত্তরবঙ্গের জেলা গুলিতে আগামী সপ্তাহে দু এক জায়গায় হালকা বৃষ্টি হলেও ভারী বৃষ্টির কোন সম্ভাবনা নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রক্ষণাবেক্ষণের কাজের জন্য দ্বিতীয় হুগলি ব্রিজে ফের বন্ধ হতে চলেছে যান চলাচল ।আগামীকাল শনিবার ভোর ৫টা থেকে সকাল ৯টা পর্যন্ত বন্ধ থাকবে শহরের অন্যতম ব্যস্ততম এই সেতু। একইসঙ্গে রবিবার দুপুর ৩টে

থেকে রাত ৮টা পর্যন্তও পুরোপুরো বন্ধ থাকবে এই সেতু। কলকাতা পুলিশের তরফে বিবৃতি জারি করে এ কথা জানানো হয়েছে। ওই সময়সীমার মধ্যে গাড়িগুলিকে অন্য পথে ঘুরিয়ে দেওয়া হবে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo